গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস)
স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
www.dghs.gov.bd

স্মারক নং- স্বাঃঅধিঃ/এমআইএস/২০১৯/ ৫৭ তারিখঃ ০৬/০১/২০২০ খ্রিঃ।

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তরাধীন "শুদ্ধাচার ও নৈতিকতা" কমিটির ২য় কোয়ার্টার সভার কার্যবিবরণী:

সভাপতি: অধ্যাপক ডা: নাসিমা সুলতানা, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর;
তারিখ ও সময়: ৩০/১২/২০১৯ খ্রি: সকাল ১১.০০ টা;
স্থান: সভা কক্ষ, স্বাস্থ্য অধিদপ্তর (নতুন ভবন), মহাখালী, ঢাকা।

উপস্থিত সদস্য/কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক' ।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

শুরুতে সভাপতিকে চলমান কার্যক্রম সম্পর্কে ডা: মুনশী ছাদুল্লাহ, উপ-পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গত সভার কার্যবিবরণীর উপর পর্যালোচনা করেন ও অদ্যকার সভার আলোচ্যসূচী বর্ণনা করেন। উল্লেখ্য, উক্ত সভায় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ উপস্থিত ছিলেন এবং শুদ্ধাচার ও নৈতিকতা সম্পর্কে সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণকে বিষয়টির উপর বিশেষ গুরুত্বারোপ করেন।

সভার আলোচ্য বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

| ক্রমিক নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১। | সচেতনতা বৃদ্ধিমূলক সভা | গত সভার সিদ্ধান্ত অনুযায়ী সকল পরিচালকগণ প্রতি ২ মাস পর পর সচেতনতা বৃদ্ধি কল্পে সভার আয়োজন করেছেন। | এ কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল পরিচালক। |
| ২। | জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ (সংখ্যা/%); | অধিদপ্তরের অধীন সকল ওপিতে প্রশিক্ষণের মডিউলে শুদ্ধাচার কৌশল সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্তিকরণ। | মধ্য মেয়াদী পরিকল্পনায় এ কার্যক্রম ওপিতে সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল লাইন ডাইরেক্টরগণ |
| ৩। | অনলাইন রেসপন্স সিস্টেমের ব্যবহার (ই-মেইল/এমএসএস-এর মাধ্যমে নিষ্পত্তিকৃত বিষয় সংখ্যা বা %); | অন লাইনে কমপ্লেইন্ট এন্ড সাজেসন বক্স এর মাধ্যমে (ই-মেইল/এসএমএসএস-এর রেসপন্স করা এবং ৯৫% সমস্যা দুরীভুত করা সম্ভব হয়েছে বলে সভায় অবহিত করা হয়। | ই-মেইল এবং এসএমএসএস-এর ব্যবহার সংখ্যা ১০০% নির্ধারনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক, এমআইএস |
| ৪। | বিভিন্ন মাধ্যম (সামাজিক যোগাযোগ মাধ্যমসহ) ব্যবহার করে অনলাইন কনফারেন্স আয়োজন (অনুষ্ঠিত অনলাইন কনফারেন্স (সংখ্যা) | ভিডিও কনফারেন্স ও টেলিমেডিসিন করা। | উক্ত কার্যক্রম চলমান আছে প্রতি মাসে ৯ টি ভিডিও কনফারেন্স স্বাস্থ্য অধিদপ্তর ও এমআইএস এর মাধ্যমে করা হয়। এ ছাড়াও এমএনসিএইচ ও এনএনএস নিজস্ব ভিডিও কনফারেন্স এর মাধ্যমে তাদের কার্যকরম চালনা করে থাকেন। | মহাপরিচালসহ সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ৫। | দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন (%); | ই-ফাইলিংকার্যক্রম বাস্তবায়ন এবং ইউনিকোড সকল দপ্তরে | ই-ফাইলিংএবং ইউনিকোড সকল বিভাগে চালু করা এবং | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| | দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার (ইউনিকোড ব্যবহার করে কার্য সম্পাদন) (%); | ব্যবহারকরণের হার বৃদ্ধির জন্য তাগিদ দেয়া হয়েছে। | তা অব্যাহত রাখা। | |
| ৬। | বিভাগ কর্তৃক অনলাইন সেবা চালু করার সংখ্যা; | অধিদপ্তরের সকল বিভাগে অনলাইন সেবা চালু রাখা। এমআইএস ১৬২৬৩ এবং কমপ্লেইন্ট এন্ড সাজেসন বক্স এর মাধ্যমে উক্ত কার্যক্রম চালু রেখেছে। বেসরকারী হাসপাতাল/ডায়াগনোস্টিক সেন্টার রেজিস্ট্রেশন ও নবায়ন কার্যক্রম অনলাইনে হাসপাতাল শাখা করে থাকে। | উক্ত কার্যক্রম অব্যাহত রাখা এবং আরও উন্নতি করা। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ৭। | ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পাদিত ক্রয় কার্য সম্পাদন (%); | ই-জিপির মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন এবং এর সংখ্যা নির্ধারণ করা। সংখ্যা বৃদ্ধির জন্য নির্দেশনা দেয়া হয়েছে। | সকল ওপিতে ই-জিপির মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন নিশ্চিত করা। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ৮। | দাপ্তরিক কাজে সোস্যাল মিডিয়া ব্যবহার (দিপ্তরিক সোস্যাল মিডিয়া পেজ চালু) তারিখ: | দাপ্তরিক কার্যে ফেসবুক ব্যবহার কার্যক্রম আগের চেয়ে অনেক বৃদ্ধি পেয়েছে আরও বৃদ্ধির সুপারিশ করা হয়। | দাপ্তরিক কার্যে ফেসবুকসহ অন্যান্য এ্যাপস ব্যবহার নিশ্চিত করার জন্য সকলকে আরও তৎপর হতে হবে। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ৯। | বিভাগ কর্তৃক বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন ২০১৯-২০২০; | স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বার্ষিক উদ্ভাবনী কর্ম পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং তদানুযায়ী কাজ চলমান। | বার্ষিক উদ্ভাবনী কর্ম পরিকল্পনা প্রণয়ণের সিদ্ধান্ত গৃহীত হয় আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ১১। | দ্রুততম সময়ে অভিযোগ নিষ্পত্তি (অভিযোগ নিষ্পত্তির সংখ্যা; | অভিযোগ নিষ্পত্তি সাপোর্ট টিকেট ও এসএমএস এর মাধ্যমে গ্রহণ করা হয় এবং নিষ্পত্তি করা হয়। | সমাধানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ১২। | অভিযোগ নিষ্পত্তি করে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করণ সংখ্যা; | এমআইএস এর মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি করে সংশ্লিষ্ট ব্যক্তিকে ফিড-ব্যাক প্রদান করা হয়। অন্যান্য পরিচালকগণকে সাপোর্ট টিকিট কমানোর জন্য বলা হয়। | অভিযোগ নিষ্পত্তি করে সংশ্লিষ্ট ব্যক্তিকে ফিড-ব্যাক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ১৩। | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ সংখ্যা; | সকল ওপিতে অডিট আপত্তি নিষ্পত্তি করণে সংখ্যা নির্ধারণ | আপত্তির সংখ্যা নির্ধারণ ও নিষ্পত্তির সংখ্যা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ১৪। | দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত কার্যক্রম (যেমন: ইলেকট্রনিক উপস্থিতি, গণশুনানী, ইত্যাদি) গৃহীত কার্যক্রমের সংখ্যা; | সকল বিভাগে ইলেক্ট্রনিক উপস্থিতি ব্যবহার নিশ্চিত করণ। | অধিদপ্তরের অধীন এমআইএস, আইপিএইচ লাইব্রেরীতে ইলেক্ট্রনিক হাজিরা আছে এবং অন্যান্য বিভাগে নিশ্চিত করার সিদ্ধান্ত গ্রহীত হয়। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |

আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় পূণরায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬।০১।২০২০

অধ্যাপক ডা: নাসিমা সুলতানা
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: উপপরিচালক (সমন্বয়)।
২। অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক/লাইন ডাইরেক্টর, প্রশাসন/পরিকল্পনা ও মনিটরিং/সিবিএইচসি/হাসপাতাল/এমআইএস/অর্থ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। উপ-পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। উপসচিব (প্রশাসন-৪ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।